

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

স্মারক নং- ২১৭

তারিখ :- ২৬/০২/২০২২

“জরুরি ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় গাইবান্ধা সদর উপজেলাধীন ৬নং রামচন্দ্রপুর ইউনিয়নের বালুয়াহাট এবং ১২ নং কামারজানী ইউনিয়নের বাজারদাণি ঘাটপাড় বিক্রয় কেন্দ্রের জন্য খাদ্যবান্ধব কর্মসূচির দুইজন (প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে) ডিলার জরুরি ভিত্তিতে নিয়োগ করা হবে। ডিলার নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, গাইবান্ধা সদর বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধাতে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন জমা নেওয়া হবে না।

নিয়োগযোগ্য ডিলারের যোগ্যতা

- ১। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ২। সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রের নিকটবর্তী বা অনতিদূরে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে।
- ৩। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৪। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ৩০ (ত্রিশ) মেট্রন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে অবশ্যই আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তি প্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না।
- ৭। সরকারি কর্মচারী ও কোনো জনপ্রতিনিধি আবেদন করতে পারবেন না।
- ৮। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা জামানত হিসেবে জমা দিতে হবে।
- ৯। নির্বাচিত ডিলারকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দিতে হবে।

আবেদনের সঙ্গে যা যা লাগবে :

(১) নাম (২) পিতা/স্বামীর নাম (৩) স্থায়ী ঠিকানা (৪) অস্থায়ী/বর্তমান ঠিকানা (৫) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (৬) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (৭) ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (৮) পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি (৯) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ (১০) দোকান ঘরের মালিকানা বিষয়ে প্রয়োজনীয় কাগজ পত্র (নিজের হলে দলিল পত্র, ভাড়া হলে চুক্তিপত্র দিতে হবে)।


২৬/০২/২০২২
মোঃ মোফাখ খারল ইসলাম
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

স্মারক নং-

তারিখ :-

অনুলিপি :- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মাননীয় লুইপ ও জাতীয় সংসদ সদস্য, গাইবান্ধা-২ এবং প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, গাইবান্ধা সদর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৫। ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৬। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৭। উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ৯। উপজেলা পরিসংখ্যান অফিসার, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ১১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গাইবান্ধা সদর ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ১২। জনাব আবেদুর রহমান স্বপন সদস্য উপজেলা খাদ্যবান্ধব কমিটি, গাইবান্ধা সদর।
- ১৩। চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন, গাইবান্ধা সদর।
- ১৪। দপ্তর নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গাইবান্ধা সদর, গাইবান্ধা।